

‘বেকার হোস্টেলে বঙ্গবন্ধু’ শীর্ষক আলোকচিত্র প্রদর্শনী



২৬ সেপ্টেম্বর, ২০১৮- বুধবার সকাল ১১ টায় সাউথ এশিয়ান স্টাডি সার্কেল, জগন্নাথ বিশ্ববিদ্যালয় নতুন বিল্ডিং এর গ্রাউন্ড ফ্লোরে ‘বেকার হোস্টেলে বঙ্গবন্ধু’ শীর্ষক আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করে। আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

উদ্বোধনী অনুষ্ঠানের সঞ্চালনা করেন আলোকচিত্র প্রদর্শনীর আয়োজক সাউথ এশিয়ান স্টাডি সার্কেল, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর পরিচালক অধ্যাপক ড. অরুন কুমার গোস্বামী। আয়োজনে সহযোগিতা করেছেন সহকারী প্রক্টর বিভাস কুমার সরকার এবং আসাদুজ্জামান রিপন। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষকবৃন্দ, ছাত্র- ছাত্রী এবং কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।